

# মডেল অ্যাক্টিভিটি টাস্ক

## নবম শ্রেণি

### বাংলা (দ্বিতীয় ভাষা)

#### ১. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

- ১.১ ‘আমার এই দেশেতে জন্ম, যেন এই দেশেতেই মরি।’  
— ‘ধন-ধান্য-পুষ্পে ভরা’ কবিতায় কবি এই ইচ্ছা প্রকাশ করেছেন কেন? ৩
- ১.২ ‘অধ্যয়ন ও জ্ঞানলাভ’ রচনা অনুসরণে ‘পাঠাগার’ সম্পর্কে লেখকের অভিমত ব্যক্ত করো। ৩
- ১.৩ ‘ডাকটিকিট’ কবিতায় ডাকটিকিটের বিপুল ঐশ্বর্য ও বৈচিত্র্য কীভাবে প্রতিভাসিত হয়ে উঠেছে তা আলোচনা করো। ৩
- ১.৪ ‘তবে আয় ভাই।’  
— কে, কাকে এই আহ্বান জানিয়েছে? আহ্বানে সাড়া দিয়ে উদ্দিষ্ট ব্যক্তির কোন্ অভিজ্ঞতা অর্জিত হয়েছিল? ১ + ২

#### ২. নীচের ব্যাকরণগত প্রশ্নগুলির উত্তর দাও :

- ২.১ মৌলিক শব্দ বলতে কী বোঝ? ১
- ২.২ নবগঠিত শব্দকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায় এবং কী কী? ১
- ২.৩ তদ্ভব শব্দের দুটি উদাহরণ দাও। ১
- ২.৪ ‘দেশি শব্দ’ কে ‘অজ্ঞাতমূল শব্দ’ বলা হয় কেন? ১
- ২.৫ তুর্কি এবং ওলন্দাজ শব্দভাণ্ডার থেকে বাংলায় গৃহীত হয়েছে এমন দুটি করে শব্দের উদাহরণ দাও। ১
- ২.৬ তামিল শব্দভাণ্ডার থেকে বাংলায় এসেছে এমন দুটি শব্দ লেখো। ১
- ২.৭ নির্দেশ অনুযায়ী মিশ্র বা সংকর শব্দ তৈরি করো :

ইংরেজি + বাংলা	১
পোর্্তুগিজ + হিন্দি	১
তৎসম শব্দ + বিদেশি প্রত্যয়	১

- ২.৮ ইংরেজি থেকে অনুবাদের মাধ্যমে বাংলায় গৃহীত হয়েছে এমন দুটি শব্দ উল্লেখ করো। ১
- ২.৯ যোগরূঢ় শব্দের দু’টি উদাহরণ দাও। ১
- ২.১০ গুণবাচক বিশেষ্যযোগে একটি বাক্য রচনা করো। ১
- ২.১১ ক্রিয়াবিশেষণের দু’টি গঠনরীতি নির্দেশ করো। ১
- ২.১২ কাছের ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করতে কোন্ সর্বনাম পদ ব্যবহৃত হয়? ১
- ২.১৩ একটি তৎসম অব্যয় এবং একটি খাঁটি বাংলা অব্যয়ের উদাহরণ দাও। ১
- ২.১৪ ধাতুর গঠন অনুযায়ী ক্রিয়াপদ কত ধরনের হয়ে থাকে? ১

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।